# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৫

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - কবরের ‘আযাব

## باب إثبات عذاب القبر ـ الفصل الثالث

আরবী

عَن جَابر بن عبد الله قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى سَعْدِ بْنِ مُعَاذٍ حِينَ توفّي قَالَ فَلَمَّا صَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَوُضِعَ فِي قَبْرِهِ وَسُوِّيَ عَلَيْهِ سَبَّحَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَبَّحْنَا طَوِيلًا ثُمَّ كَبَّرَ فَكَبَّرْنَا فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ لِمَ سَبَّحَتْ ثُمَّ كَبَّرْتَ قَالَ: «لقد تضايق على هَذَا العَبْدُ الصَّالح قَبره حَتَّى فرجه الله عز وَجل عَنهُ» . رَوَاهُ أَحْمد

বাংলা

১৩৫-[১১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সা’দ ইবনু মু’আয (রাঃ) যখন ইন্তিকাল করেন, তখন আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাঁর জানাযায় হাযির হলাম। জানাযার সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে তাকে যখন কবরে রাখা হলো ও মাটি সমান করে দেয়া হলো, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে (দীর্ঘক্ষণ) আল্লাহর তাসবীহ পাঠ করলেন। আমরাও তাঁর সাথে অনেক সময় তাসবীহ পড়লাম। তারপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর বললেন। আমরাও (তাঁর সাথে) তাকবীর বললাম। অতঃপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! আপনি কেন এভাবে তাসবীহ পড়লেন ও তাকবীর বললেন? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উত্তরে বললেন, এ নেক ব্যক্তির কবর খুব সংকীর্ণ হয়ে গিয়েছিল (তাই আমি তাসবীহ ও তাকবীর পড়লাম)। এতে আল্লাহ তা’আলা তার কবরকে প্রশস্ত করে দিলেন। (আহমাদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ১৪৪৫৯। কারণ এর সানাদে ‘‘মাহমূদ ইবনু ‘আবদুর রহমান ইবনু ‘আমর ইবনু জামুহ’’ নামক একজন অপরিচিত রাবী রয়েছে। মুসনাদে আহমাদ ৩/৩৬০ ও ৩৭৭ নং পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلى سَعْدِ بْنِ مُعَاذٍ) তার জানাযার দিকে, তিনি হচ্ছেন সা‘দ বিন মু‘আয বিন নুমান আল্ আনসারী আল্ আশহালী, আবূ ‘আমর আওস গোত্রের নেতা মদীনায় ইসলাম গ্রহণ করেন। দুই আক্বাবার মধ্যবর্তী সময়ে। তার ইসলামের কারণে বানু ‘আবদ আশহাল-এর সকলেই ইসলাম গ্রহণ করেন। তাকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘সাইয়্যিদুল আনসার’ উপাধি দিয়েছেন। তিনি বাদ্‌র (বদর) এবং উহুদ যুদ্ধে অংশ নেন। খন্দাকের যুদ্ধে তীরবিদ্ধ হয়ে রক্ত ঝরতে ঝরতে এক মাসের মাথায় হিজরী ৫ সনে যিলক্বদ মাসে শাহাদাত বরণ করেন। তখন তার বয়স হয়েছিল ৩৭ বছর, বাক্বী গোরস্থানে তাকে দাফন করা হয়। সহীহুল বুখারীতে তার বর্ণিত দু’টি হাদীস রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54694

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন